



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
উপ-পুলিশ কমিশনার
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তাং-০৯/১২/২০২১খ্রিঃ

প্রেস রিলিজ

রংপুর মেট্রোপলিটন পুলিশের গোয়েন্দা বিভাগ (ডিবি) কর্তৃক পরিচালিত মাদক বিরোধী অভিযানে
৪০ বোতল ফেন্সিডিল ও ১২০ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধারসহ ০২ জন আসামী গ্রেফতার



ঘটনা-১



ঘটনা-২

গত ০৮/১২/২০২১ খ্রি. রংপুর মেট্রোপলিটন গোয়েন্দা বিভাগ (ডিবি)র উপ-পুলিশ কমিশনার জনাব কাজী মুত্তাকী ইবনু মিনান মহোদয়ের নির্দেশনায় ও সার্বিক তত্ত্বাবধানে অতিঃ উপ-পুলিশ কমিশনার (ডিবি) মোঃ সাজ্জাদ হোসেন এর অপারেশন পরিকল্পনায় রংপুর মহানগরীর কোতয়ালী ও তাজহাট থানা এলাকায় ২ টি পৃথক অভিযান পরিচালনা করে ৪০ বোতল ফেন্সিডিল ও ১২০ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধারসহ ০২ জন আসামীকে গ্রেফতার করা হয়।

- ❖ ১ম অভিযানে ২১.০৫ ঘটিকায় গোপন সংবাদের ভিত্তিতে পুলিশ পরিদর্শক (নিঃ) জনাব মোঃ মোতালেব হোসেন এর নেতৃত্বে এসআই (নিঃ) মোঃ বাবুল ইসলাম, এসআই (নিঃ) মোঃ গোলাম মোর্শেদ এবং সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ আরপিএমপি, রংপুর তাজহাট থানাধীন সাহীন হোটেল রেস্টুরেন্ট এর সামনে ফাঁকা জায়গা থেকে নেশা জাতীয় মাদকদ্রব্য ৪০ বোতল ফেন্সিডিল উদ্ধারসহ আসামী মোঃ বিল্লাল হোসেন (২৯), পিতা- মৃত আবুল কালাম, মাতা- মোছাঃ বেদেনা খাতুন, সাং- খুশবের, থানা- হালুয়াঘাট, জেলা- ময়মনসিংহ-কে গ্রেফতার করা হয়।
- ❖ ২য় অভিযানে ২১.২৫ ঘটিকায় গোপন সংবাদের ভিত্তিতে পুলিশ পরিদর্শক (নিঃ) জনাব মোঃ ছালেহ আহাম্মদ পাঠান এর নেতৃত্বে এসআই (নিঃ) স্বপন কুমার রায় এবং সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ আরপিএমপি, রংপুর কোতয়ালী থানাধীন ১৬ নং ওয়ার্ডস্থ ধাপ নিউ সোনার বাংলা ক্লিনিকের সামনে চলাচলের পাকা রাস্তার উপর থেকে নেশা জাতীয় মাদকদ্রব্য ১২০ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধারসহ আসামী মোঃ ফিরোজ মিয়া (৪২), পিতা- মোঃ আজাহার আলী, মাতা- মোছাঃ চামেলী বেগম, সাং- ছোট মির্জাপুর, থানা- পীরগঞ্জ, জেলা- রংপুর-কে গ্রেফতার করা হয়।

উক্ত অভিযান দুটিতে গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে কোতয়ালী ও তাজহাট থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন-২০১৮ এর অধীন পৃথক ০২ টি মামলা দায়ের করা হয়।

উল্লেখ্য যে, রংপুর মহানগরী এলাকার সকল ধরণের অপরাধ নিয়ন্ত্রণে রংপুর মেট্রোপলিটন পুলিশের অভিযান অব্যাহত থাকবে।

যে কোন অপরাধ দমনে তথ্য দিন বা যোগাযোগ করুন-

অতিরিক্ত উপ পুলিশ কমিশনার (ডিবি)- ০১৩২০-০৭৩৬৬১।

০৯.১২.২০২১

(মোঃ সাজ্জাদ হোসেন)
অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার
(ডিবি এন্ড মিডিয়া)
পক্ষে/পুলিশ কমিশনার
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর
মোবাইল-০১৩২০-০৭৩৬৬১